ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৩৯

খোয়াই, ৫ মে, ২০২৫

**খোয়াইয়ে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতায় ৪৩ হাজার ৫০২ জন**

খোয়াই জেলার ৬টি ব্লক এলাকায় ২২৩টি ভিলেজ অর্গানাইজেশনের অন্তর্গত বিভিন্ন স্বসহায়ক দলের মোট ৪৩ হাজার ৫০২ জন সদস্যাকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতায় আনা হয়েছে। ২০২৪-২৫ অর্থবর্ষে এতে কল্যাণপুর ব্লক এলাকায় ৬,৩৪৬ জন, খোয়াই ব্লক এলাকায় ১০,৯৮১ জন, মুঙ্গিয়াকামী ব্লকে ৩,০৭৮ জন, পদ্মবিল ব্লকে ৫,৪০২ জন, তেলিয়ামুড়া ব্লকে ৯,৮১২ জন ও তুলাশিখর ব্লকে রয়েছেন ৭,৮৪৩ জন। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা মিশন ম্যানেজমেন্ট কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

******